দৈনিক খবর
দৈনিক খবর
তারিখ 27 AUG 1989
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬
23

দৈনিক খবর

# সব বিশ্ববিদ্যালয়ে 'নজরুল অধ্যাপক' ও 'চেয়ার'

সংস্কৃতি প্রতিমন্ত্রী নূর মোহাম্মদ খান বলেছেন, দেশের বিশ্ববিদ্যালয়সমূহের প্রত্যেকটিতে একটি স্থায়ী অধ্যাপকের পদ-মর্যাদায় একজন 'নজরুল অধ্যাপক' চিহ্নিতকরণ এবং একটি 'নজরুল চেয়ার' প্রবর্তনের ব্যবস্থা নেয়া হয়েছে। তিনি গতকাল শিল্পকলা একাডেমীতে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ত্রয়োদশ মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। শিল্পকলা একাডেমী আয়োজিত তিনদিনব্যাপী অনুষ্ঠান ' শূন্য

৭-এর পাতায় দেখুন

## সব বিশ্ববিদ্যালয়ে

আজি . গুলবাগিচা'-র দ্বিতীয় দিনে অন্যান্যের মধ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব হামেদ শফিউল ইসলাম ও শিল্পকলা একাডেমীর মহাপরিচালক আনিসুল হক চৌধুরীও বক্তব্য রাখেন।

প্রতিমন্ত্রী বলেন, জাতীয় কবি কাজী নজরুল ইসলামের মহান সৃষ্টিকর্ম সংগ্রহ, সংরক্ষণ, সম্পাদনা ও যথার্থরূপে প্রচারের জন্য এবং দেশে-বিদেশে কবির জীবন ও সামগ্রিক অবদানকে পরিচিতকরণের ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষজ্ঞদের সমন্বয়ে সংস্কৃতি মন্ত্রণালয় ইতিমধ্যে চারটি কমিটি গঠন করেছে।

কমিটি কবির রচনাবলী বিভিন্ন খন্ডে এবং প্রতিটি গ্রন্থের মুদ্রণ বিভ্রাট ও ত্রুটি-বিচ্যুতি সংশোধন করে পুনঃ প্রকাশের ব্যবস্থা করবে; কবির গানের বাণীর সত্যায়ন ও ভুল-এন্টি সংশোধন করবে; কবির জীবনভিত্তিক আলোকচিত্রের একটি এ্যালবাম প্রণয়ন ও প্রকাশের ব্যবস্থা করবে এবং কবির সংগীত ও রচনাবলী ইংরেজী ও অন্যান্য ভাষায় অনুবাদ এবং প্রকাশের ব্যবস্থা করবে।

নূর মোহাম্মদ খান বলেন, বর্তমান সরকার কবি নজরুলের সাহিত্য কর্মের মর্যাদা সমুন্নত রাখতে বহুবিধ পদক্ষেপ নিয়েছে। তিনি বলেন, প্রেসিডেন্ট এরশাদ সম্প্রতি ধানমন্ডিতে নজরুল ইনস্টিটিউট প্রাঙ্গণে ' কবিভবন'-এর ভিত্তি প্রস্তর স্থাপনকরেছেন।

কবি নজরুল সাধারণ মানুষের কাছে তাদের আশা-আকাঙ্খার বাণী পৌঁছে দিতে সমর্থ হয়েছেন বিধায় সর্বকালে সকল মানুষের মনে নজরুলের আসন স্থায়ী হয়ে থাকবে বলে প্রতিমন্ত্রী উল্লেখ করেন।